# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

ফোন ঃ
অফিস ঃ ৯৫১১২৯৩, ৯৫৫৫১৩৩
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৭৬৩

সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

Phone :
Office : 9511293, 9555133
Fax : 88-02-9564763


স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খন্ড)/১৭২ তারিখঃ ১৯-০৮-২০১৯ খ্রিঃ

## দপ্তরাদেশ

মুন্সীগঞ্জ জেলাধীন লৌহজং উপজেলার 'শামুরবাড়ী গ্রামের পশ্চিম প্রান্ত হইতে পূর্ব প্রান্ত পর্যন্ত' পদ্মা নদীর ভয়াবহ ভাঙ্গন প্রতিরোধে, মুন্সিগঞ্জ জেলাধীন লৌহজং উপজেলার 'কুমারভোগ ইউনিয়নের পূর্ব প্রান্ত হইতে ডহুরী গ্রাম পর্যন্ত' ভাঙ্গন প্রতিরোধ এবং মুন্সীগঞ্জ জেলাধীন টঙ্গীবাড়ী উপজেলার কামারখানা ইউনিয়নের 'চৌষার গ্রাম হইতে মিতারা গ্রাম পর্যন্ত' ভাঙ্গন থেকে রক্ষার নিমিত্ত প্রকল্প প্রণয়নের উদ্দেশ্যে মাঠ পর্যায়ে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় সম্ভাব্যতা যাচাই-বাছাই করে সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন তৈরীর জন্য ইতোপূর্বে স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৭(১ম খন্ড)/১০৬, তারিখঃ২৮-০৩-২০১৭খ্রিঃ এর মাধ্যমে গঠিত কমিটিটি সংশোধনপূর্বক হালনাগাদ তথ্য-উপাত্তের ভিত্তিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে সুনির্দিষ্ট কার্যপরিধিসহ একটি কারিগরি কমিটি গঠন করা হলো। কমিটি প্রয়োজনে অন্য যে কোন কর্মকর্তাকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

| ক্রমিক নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা। | আহবায়ক |
| ২। | জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৩। | জনাব মুহাম্মদ মাসউদ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা । | সদস্য |
| ৪। | জনাব মোঃ আলমগীর, গবেষণা কর্মকতা (অর্থনীতি), দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প (ফেজ-২), বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৫। | জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকতা (পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা। | সদস্য |
| ৬। | নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা । | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধিঃ**

ক) সরেজমিনে প্রকল্প সংশ্লিষ্ট এলাকা পরিদর্শন করে সংশ্লিষ্ট Stakeholder এর সাথে আলোচনাপূর্বক বিষয়ভূক্ত কার্যক্রমের যথার্থতা নিরূপণ করবেন;

খ) প্রস্তাবিত এলাকায় নদী ভাঙ্গনের কারণ ও গতি প্রকৃতি (Morphological Change) Site Plan এ প্রদর্শনপূর্বক বিস্তারিত বর্ণনা ও তার জন্য প্রয়োজনীয় প্রতিরক্ষা কাজ নির্ণয়/যাচাই করবেন;

গ) প্রস্তাবিত এলাকায় নদী ভাঙ্গন রোধে ও নদী তীর প্রতিরক্ষা কাজ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট নদী/খালসমূহের (channels) নাব্যতা বৃদ্ধিকল্পে খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের সংস্থান, বিদ্যমান অবকাঠামোর পুর্নবাসনসহ অন্যান্য কাজের বা অবকাঠামো নির্মাণ/ পুনঃনির্মাণের প্রয়োজন হলে তার যৌক্তিকতা নির্ধারণ করে সুপারিশ পেশ করবেন;

ঘ) খনন/পুনঃখনন/ড্রেজিং কাজের স্পয়েল ব্যবস্থাপনা সম্পর্কে সুনির্দিষ্ট সুপারিশমালা প্রণয়ন করবেন;

ঙ) বাপাউবো'র চলতি রেট সিডিউল অনুসারে অনুমোদিত নকশার ভিত্তিতে প্রাক্কলন প্রস্তুত করবেন এবং উক্ত নকশা প্রতিবেদনের সাথে সংযোজন করবেন;

চ) কারিগরি দিক বিবেচনায় প্রস্তাবিত কাজগুলো Sustainable হবে কিনা সে বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান করবেন;

ছ) প্রস্তাবিত কাজের জন্য সম্ভাব্য ব্যয় ও কি পরিমাণ সাশ্রয় হবে তা (টাকায় ও সম্পদে) নিরূপণ করবেন;

জ) প্রস্তাবিত প্রকল্প গ্রহণ আর্থিক দৃষ্টিকোণ থেকে যুক্তিযুক্ত কি না, তা বিশ্লেষণ করবেন;

ঝ) প্রকল্প বাস্তবায়নের ফলে পরিবেশগত বিরূপ প্রভাব পড়বে কিনা তা নিরূপণ করবেন;

ঞ) বর্ণিত স্থান রঙ্গিন সূচক ম্যাপ-এ প্রদর্শন করবেন;

ট) কমিটি WARPO Guidelines অনুসরণ করবেন।

২। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ খসড়া কারিগরি প্রতিবেদন নিয়ে প্রধান পরিকল্পনা মহোদয়ের সাথে আলোচনা করবেন।

৩। কমিটি সুনির্দিষ্ট কার্যক্রমের সুপারিশমালাসহ কারিগরি প্রতিবেদন এ আদেশ জারীর পরবর্তী ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে ৩(তিন) প্রস্থে অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দপ্তরে দাখিল করবেন এবং

৪। মূল প্রতিবেদনের **Soft Copy** (Text) অতিরিক্ত মহাপরিচালক(পরিকল্পনা) মহোদয়ের **adgpl.bwdb@gmail.com** ঠিকানায় **E-mail** যোগে প্রেরণ করবেন।

৫। মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

*চলমান পৃষ্ঠা-২*

<u>বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা।
২। জনাব মোঃ আবুল বাশার, নির্বাহী প্রকৌশলী, প্রধান পরিকল্পনার দপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। জনাব মুহাম্মদ মাসউদ, নির্বাহী প্রকৌশলী, নকশা সার্কেল-১, বাপাউবো, ঢাকা ।
৪। নির্বাহী প্রকৌশলী, ঢাকা পওর বিভাগ-১, বাপাউবো, ঢাকা ।
৫। জনাব মোঃ আলমগীর, গবেষণা কর্মকর্তা (অর্থনীতি), দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় সমন্বিত পানি সম্পদ পরিকল্পনা ও ব্যবস্থাপনা প্রকল্প (ফেজ-২), বাপাউবো, ঢাকা।
৬। জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, গবেষণা কর্মকর্তা (পরিবেশ ও বন), প্রকল্প মূল্যায়ন দপ্তর, বাপাউবো, ঢাকা।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)ঃ</u>

১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।
২-৩। প্রধান প্রকৌশলী, কেন্দ্রীয় অঞ্চল /নকশা, বাপাউবো, ঢাকা।
৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা পওর সার্কেল, বাপাউবো, ঢাকা।
৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৬। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। বাপাউবো'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
৭-৮। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/ পূর্ব রিজিয়ন), বাপাউবো, ঢাকা।
৯। দপ্তর কপি।

তারিখঃ

প্রয়োজনীয় ব্যবস্থা নিন

সেল, বাপাউবো ঢাকা